

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অফিসারের কার্যালয়  
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
ব্লক-এ, বাড়ী নং-৩১, মেইন রোড, এবিসি পয়েন্ট, শাহজালাল উপশহর, সিলেট।  
Email: sylhetzonednc@gmail.com


স্মারক নং-৪৪.০৪.০০০০.সিঃ অঃ.বিবিধ.০০১.১৬-২১৩

তারিখ : ১৭/০৫/২০১৬ খ্রিঃ

## প্রেস বিজ্ঞপ্তি

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, 'মাদকবিরোধী সচেতনতা সৃষ্টিতে শিক্ষা প্রতিষ্ঠানের ভূমিকা' শীর্ষক এক আলোচনা সভা অদ্য ১৭/০৫/২০১৬ খ্রিঃ কবি নজরুল অডিটোরিয়াম, রিকাবী বাজার, সিলেটে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী, শিক্ষক, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানগণ, উপজেলা শিক্ষা অফিসার, জেলা শিক্ষা অফিসার, সরকারী কর্মকর্তা এবং গণ্যমান্য ব্যক্তিসহ প্রায় ৭০০ (সাতশত) লোক উপস্থিত ছিলেন। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে জনাব মোঃ জামাল উদ্দীন আহমেদ, বিভাগীয় কমিশনার, সিলেট, বিশেষ অতিথি হিসেবে জনাব মোঃ মিজানুর রহমান, পিপিএম, ডিআইজি, সিলেট রেঞ্জ, জনাব মোঃ কামরুল আহসান, বিপিএম, পুলিশ কমিশনার, সিলেট, জনাব নূরেআলম মিনা, পিপিএম, পুলিশ সুপার, সিলেট, জনাব জাহাঙ্গীর কবীর আহাম্মেদ, আঞ্চলিক উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সিলেট অঞ্চল, সিলেট উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তাঁর বক্তব্যে বলেন, মাদকের শিকার আমাদের তরুন ও যুব সমাজ। মাদক দেশের উন্নয়নের ভবিষ্যত করিগর যুবসমাজের মেধা, কর্মস্পৃহা ও সৃজনশীলতা ধ্বংস করে। এটা যে কোন দেশ ও জাতির জন্য বিরাট ক্ষতি। তিনি বলেন, সামাজিক সচেতনতাই মাদক নিয়ন্ত্রণে সবচেয়ে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। তিনি শিক্ষার্থীদের মাদকের বিরুদ্ধে সচেতন হওয়ার ও বন্ধুদের সচেতন করার আহবান জানান। তিনি প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী কমিটি গঠনের উপর গুরুত্বারোপ করেন। তিনি এ্যাসেম্বলী চলাকালীন সময়ে স্কুল-কলেজের শিক্ষার্থীদের মাঝে মাদকের কুফল বিষয়ে আলোচনা/বক্তব্য রাখার এবং মাদকবিরোধী শপথ বাক্য পাঠ করানোর জন্য শিক্ষা প্রতিষ্ঠানের প্রধানদের অনুরোধ করেন। প্রধান অতিথি অনুষ্ঠানে মাদকবিরোধী শপথ বাক্য পাঠ করান। তাছাড়া তিনি সিলেট বিভাগের স্কুল-কলেজের সকল শিক্ষকদের নিয়ে একটি মাদকবিরোধী কনভেনশন করবেন বলে জানান। জনাব মোঃ জাফরুল্লাহ কাজল, অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সিলেট অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন। এছাড়া বিশিষ্ট সমাজ সেবক জনাব জামিল চৌধুরী এবং বিশিষ্ট সাংবাদিক ও কলামিস্ট জনাব আফতাব চৌধুরী বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সিলেট জেলা শিক্ষা অফিসার, বিদ্যালয়ের একজন প্রধান শিক্ষক ও দু'জন শিক্ষার্থীও বক্তব্য রাখেন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ জয়নাল আবেদীন, জেলা প্রশাসক, সিলেট।

ইহা আপনার বহুল প্রচারিত ইলেকট্রনিক্স এবং প্রিন্ট মিডিয়াতে প্রকাশ/প্রচার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
(মোঃ জাফরুল্লাহ কাজল)  
অতিরিক্ত পরিচালক  
মোবাইল-০১৭০৮৯০৪২৫০

সভাপতি  
প্রেসক্লাব, সিলেট।